

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
কাজিপুর, সিরাজগঞ্জ  
<http://dls.kazipur.sirajganj.gov.bd/>

স্মারক নং-৩৩.০১.৮৮৫০.০০০.১৯.০১০.২০.৪৩৪

তারিখঃ- ০৭/১২/২০২০ ইং

নদী বিধৌত কাজিপুর উপজেলার ৮ টি চর বেষ্টিত ইউনিয়ন( মাইজবাড়ি, শুভগাছা, খাসরাজবাড়ী, নাটুয়ারপাড়া, চরগিরিশ, তেকানি, নিশ্চিন্তপুর, মনসুরনগর )-এ “উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলের সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের” অনুমোদিত ডিপিপি-এর আলোকে ৮ টি ইউনিয়নে (মাইজবাড়ি, শুভগাছা, খাসরাজবাড়ী, নাটুয়ারপাড়া, চরগিরিশ, তেকানি, নিশ্চিন্তপুর, মনসুরনগর) ১ জন কণ্ডে মোট ৮(আট) জন “লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটের (LFF)” নিয়োগ করা হবে।

**LFF গণের দায়িত্ব ও কর্তব্য :**

- ১) সুফলভোগীদের নিয়ে লাইভস্টক ফার্মার গ্রুপ(LFG) গঠন ও মবিলাইজেশন করা।
- ২) লাইভস্টক ফার্মার গ্রুপ(LFG) কে নিয়ে প্রতি মাসে কমপক্ষে ১ বার উঠান বৈঠকের আয়োজন করা।
- ৩) বৈঠকে উত্থাপিত বিভিন্ন সমস্যাসমূহ সমাধানের উদ্যোগ গ্রহণ করা।
- ৪) ইউনিয়ন পর্যায়ে টিকা প্রদান, কৃষি দমন ইত্যাদি সেবাসমূহ সম্পাদন করা।
- ৫) সুফলভোগীদের বিভিন্ন উপকরণ যেমন খাদ্য, হাস, মুরগি ও ভেড়া, গাভী, ঘাসের কাটিং প্রভৃতি প্রাপ্যতা সংক্রান্ত তথ্য সরবরাহ করা ও সংগ্রহে সহায়তা করা।
- ৬) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক আয়োজিত বিভিন্ন সভা ও প্রশিক্ষণে অংশগ্রহণ করা এবং চাহিদামত প্রতিবেদন দাখিল করা।
- ৭) প্রতিদিনের সম্পাদিত কার্যাদি ও সেবাদানের তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধ করা।
- ৮) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল দায়িত্ব পালন করা।

**LFF নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ :**

- ১) সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
- ২) বয়স ৩০-৪০ বছর হতে হবে।
- ৩) পুরুষ বা নারী উভয়কে LFF পদে নির্বাচন করা হবে।
- ৪) শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে।
- ৫) পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
- ৬) প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ও বর্তমানে প্রাণিসম্পদ সেবা বা পালন কাজে নিয়োজিত ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৭) ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত কোন কর্মচারী LFF পদে নিয়োগ দেওয়া হবে না।
- ৮) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য LFF এর দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে। সার্বক্ষণিক অন্য পেশায় জড়িতদের LFF পদে নির্বাচন করা হবে না।
- ৯) কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার-এ পারদর্শীরা অগ্রাধিকার পাবে।

উপরিলিখিত শর্তে সকল কে আগামী ১৪/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর নিম্নোক্ত কাগজপত্র সহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি
২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নারিকত্বের সনদ-১ কপি
৩. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি
৪. প্রার্থীর সত্যায়িত রসিদ ছবি-২ কপি



(ডাঃ মোঃ মাহমুদুল হাসান)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভাঃপ্রাঃ)

কাজিপুর, সিরাজগঞ্জ।

[ulokazipur@dls.gov.bd](mailto:ulokazipur@dls.gov.bd)

## আবেদন পত্রের নমুনা

বরাবর

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
কাজিপুর, সিরাজগঞ্জ।

বিষয়: “লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF)”- পদে নিয়োগ-এর জন্য আবেদন।

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আপনার দপ্তরের “উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলের সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের” আওতায় চর বেষ্টিত.....ইউনিয়ন এর “লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF)” পদে আবেদনের জন্য বিজ্ঞপ্তি তে উল্লেখিত সকল প্রয়োজনীয় কাগজ পত্রসহ আপনার বরাবর পেশ করলাম।

অতএব মহোদয়ের নিকট প্রার্থনা আমার কাগজ পত্র যাচাই পূর্বক নিয়োগের জন্য মনোনীত করতে আপনার মর্জি হয়।

তারিখ:

নাম, মোবাইল নম্বর, ইউনিয়নের নাম

সংযুক্তি:

১. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি
২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নারিকত্বের সনদ-১ কপি
৩. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি
৪. প্রার্থীর সত্যায়িত রঙ্গিন ছবি-২ কপি